

বিষয়	২৪ ঘন্টার সর্বশেষ পরিস্থিতি	গত ২১/০১/২০২০ থেকে অদ্যাবধি
আইইডিসিআরএ আগত COVID-19 সংক্রান্ত মোট সেবাগ্রহীতার সংখ্যা	২৫	৪৩৮
COVID-19 পরীক্ষাকরা মোট নমুনার সংখ্যা	৪৯	৩২৬
COVID-19 আক্রান্ত হয়েছেন এমন সন্দেহে বিভিন্ন হাসপাতালে অন্ততঃ ল্যাবরেটরি পরীক্ষা পর্যন্ত আইসোলেশনে আছেন তাদের সংখ্যা	১৬	-
বিদেশে COVID-19 আক্রান্ত দেশ থেকে আগত যাত্রী যারা প্রাতিষ্ঠানিক কোয়ারেন্টিনে আছেন তাদের সংখ্যা	৪৩	
নিশ্চিতকৃত COVID-19 সংক্রমিত ব্যক্তিদের মোট সংখ্যা	২	১০

### কোভিড-১৯ সংক্রমণ প্রতিরোধে করণীয়

- নিয়মিত সাবান ও পানি দিয়ে দুই হাত ধোবেন (অন্তত ২০ সেকেন্ড যাবৎ)
- অপরিষ্কার হাতে চোখ, নাক ও মুখ স্পর্শ করবেননা
- ইতোমধ্যে আক্রান্ত এমন ব্যক্তিদের সংস্পর্শ এড়িয়ে চলুন
- কাশিশিষ্টাচার মেনে চলুন (হাঁচি/কাশির সময় বাছ/ টিস্যু/ কাপড় দিয়ে নাক-মুখ ঢেকে রাখুন)
- অসুস্থ হলে ঘরে থাকুন, বাইরে যাওয়া অত্যাৱশ্যক হলে নাক-মুখ ঢাকার জন্য মাস্ক ব্যবহার করুন
- কারো সাথে হাত মেলানো (হ্যান্ড শেক), কোলাকুলি থেকে বিরত থাকুন
- জরুরী প্রয়োজন ব্যতীত বিদেশ ভ্রমণ করা থেকে বিরত থাকুন এবং এ সময়ে অন্য দেশ থেকে প্রয়োজন ব্যতীত বাংলাদেশ ভ্রমণে নিরুৎসাহিত করুন
- অত্যাৱশ্যকীয় ভ্রমণে সাবধানতা অবলম্বন করুন
- অত্যাৱশ্যকীয় নয় এমন সব জাতীয়-আন্তর্জাতিক সভা-সমাবেশ-সম্মেলন আয়োজন না করাই ভাল
- অতি বয়স্ক, দীর্ঘমেয়াদী অসুস্থতায় (ডায়াবেটিস, উচ্চ রক্তচাপ, হৃদরোগ, অ্যাজমা, কিডনী সমস্যা, ক্যান্সার প্রভৃতি) ভুগছেন এমন ব্যক্তিগণ ভীড় এড়িয়ে চলুন

### হটলাইনের নম্বরসমূহ

- ৩৩৩
- স্বাস্থ্য অধিদপ্তরের স্বাস্থ্য বাতায়নের হটলাইন নম্বরঃ ১৬২৬৩
- আইইডিসিআর-এর হটলাইনের নম্বরঃ ০১৫৫০০৬৪৯০১, ০১৫৫০০৬৪৯০২, ০১৫৫০০৬৪৯০৩, ০১৫৫০০৬৪৯০৪, ০১৫৫০০৬৪৯০৫, ০১৪০১১৮৪৫৫১, ০১৪০১১৮৪৫৫৪, ০১৪০১১৮৪৫৫৫, ০১৪০১১৮৪৫৫৬, ০১৪০১১৮৪৫৫৯, ০১৪০১১৮৪৫৬০, ০১৪০১১৮৪৫৬৩, ০১৪০১১৮৪৫৬৮, ০১৯২৭৭১১৭৮৪, ০১৯২৭৭১১৭৮৫, ০১৯৩৭০০০০১১, ০১৯৩৭১১০০১১

ফেসবুক মেসেঞ্জারে বার্তা পাঠানো যাবে

ফেসবুক আইডি: ledcr, COVID-19 Control Room



## গণবিজ্ঞপ্তি

করোনা ভাইরাস সংক্রমণের ঝুঁকি এড়াতে ইতালি ও অন্যান্য দেশ থেকে যারা সম্প্রতি দেশে ফিরছেন তাদের কর্তৃপক্ষের নজরদারিতে ১৪ দিন কোয়ারেন্টাইনে থাকা বাধ্যতামূলক।

কোয়ারেন্টাইনকৃত ব্যক্তি ১৪ দিন ঘরের বাইরে বের হবেন না এবং নিজ বাড়ির নির্ধারিত একটি কক্ষে অবস্থান করবেন। কোয়ারেন্টাইনকৃত ব্যক্তির আত্মীয়-স্বজন, বন্ধু-বান্ধব, উক্ত ব্যক্তির সংস্পর্শে আসতে পারবেন না।

এ নিয়ম ভঙ্গ করলে সংক্রামক রোগ (প্রতিরোধ, নিয়ন্ত্রণ ও নির্মূল) আইন, ২০১৮ অনুযায়ী তাদের জেল বা জরিমানা বা উভয় দণ্ড হতে পারে। সাধারণ নাগরিকদেরও এ ব্যাপারে প্রশাসনকে সাহায্য করার অনুরোধ জানানো যাচ্ছে।



স্বাস্থ্য অধিদপ্তর  
স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়

